14

দৈনিক বাংলা

তারিখ ...2-1 MAR 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ...৩...

# শিক্ষানীতি এখনও আমলা নির্ভর ঃ মেনন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ছাত্র মৈত্রী আয়োজিত জাতীয় শিক্ষানীতি বিষয়ক এক সেমিনারে দেশের বিশিষ্ট বুদ্ধিজীবিগণ বলেছেন, রাষ্ট্রীয় ভাবাদর্শের পরিবর্তন না হলে গণমুখী যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা প্রণয়ন করা সম্ভব নয়। তারা বলেন, শরীফ কমিশন ও কুদরতে খুদা শিক্ষানীতির অভিজ্ঞতা থেকে এটাই সুস্পষ্ট হয়ে গিয়েছে। বক্তারা এখন রাষ্ট্রীয় ভাবাদর্শের পরিবর্তনের জন্য ছাত্র সমাজকে অগ্রণী ভূমিকা গ্রহণের আহবান জানিয়েছেন।

মঙ্গলবার টিএসসিতে এই সেমিনার অনুষ্ঠিত হয়। 'লুটেরাদের স্বার্থে শিক্ষা-নীতি নয়, গণমানুষের শিক্ষানীতি চাই' শিরোনামের এই সেমিনারে আলোচনা করেন ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক রাশেদ খান মেনন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রফেসর ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী, শ্রমিক কৃষক সমাজ-বাদী দলের সাধারণ সম্পাদক বিশিষ্ট সাংবাদিক নির্মল সেন, বাংলা বিভাগের প্রফেসর আনিসুজ্জামান, প্রফেসর আবুল কাশেম ফজলুল হক, প্রফেসর আনু মুহম্মদ, সাংবাদিক কলামিষ্ট আবেদ খান, প্রফেসর আবুল বারাকাত প্রমুখ।

সেমিনারে ছাত্রমৈত্রীর সভাপতি জিয়াউল হক জিয়ার সভাপতিত্বে মূল প্রবন্ধ পাঠ করেন দীপঙ্কর সাহা দীপু।

রাশেদ খান মেনন বলেন, আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা, শিক্ষানীতি এখনও আমলা নির্ভর। তিনি বলেন, বিএনপি প্রকারান্তরে মজিদ খানের শিক্ষানীতি বাস্তবায়নে সচেষ্ট ছিল। অন্যদিকে বর্তমান সরকার যে শিক্ষানীতি প্রণয়ন করতে যাচ্ছে তাতে ব্যবসায়ী, শিল্পপতিদের প্রতিনিধিত্ব রয়েছে, যার অর্থ শিক্ষার বাণিজ্যকরণ হতে যাচ্ছে।

বিশিষ্ট সাংবাদিক নির্মল সেন বলেন, বর্তমান শিক্ষা কমিশন সাম্যবাদী শিক্ষানীতির সুপারিশ করলেও বর্তমান প্রেক্ষপটে সে সুপারিশ বাস্তবায়ন সম্ভব নয়। তিনি বলেন, পুঁজিবাদী সমাজকে ভাঙতে হবে। তিনি বলেন, তা না হলে কখনও নিজে পণ্য হতে হবে অথবা অন্যকে বিক্রেতা হতে হবে।

প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, বাংলাদেশে ক্রমাগত সমস্যা বৃদ্ধি পাচ্ছে। তিনি এদেশের শিক্ষানীতিকে আত্মকেন্দ্রিক উল্লেখ করে বলেন, এটা সব সময় স্বার্থপর মানুষ গড়ার কাজে নিয়োজিত ছিল।

প্রফেসর আনিসুজ্জামান বলেন, শিক্ষানীতিতে শিক্ষার ভিত মজবুতের জন্য প্রাথমিক শিক্ষার ওপর গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, শিক্ষা বাজেটের বেশীর ভাগ অর্থ প্রাথমিক শিক্ষায় ব্যয়িত হওয়া দরকার। প্রফেসর আনিসুজ্জামান বলেন, পদার্থবিদ্যায় পাস করে ব্যাংকিং পেশা গ্রহণ শিক্ষার অপচয় নয় কি? এই অপচয় রোধে প্রাথমিক শিক্ষায় বাজেট বরাদ্দ অধিক হারে করতে হবে বলে তিনি উল্লেখ করেন।